



মাওলানা ভাসানী ভার্সিটিতে সেমিনার

প্রকাশিত: ১৪ - নভেম্বর, ২০১৮ ১২:০০ এ. এম.

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মজলুম জননেতা মাওলানা আব্দুল হামিদ খান ভাসানীর ৪২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে সোমবার বিজিই বিভাগের সেমিনার হলে ‘মাওলানা ভাসানীর রাজনীতি ও তাঁর ব্যক্তি-জীবন শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ আলাউদ্দিন। মুখ্য আলোচক ছিলেন বাংলাদেশ উন্নত বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও বিশিষ্ট ইতিহাসবিদ প্রফেসর ড. আশফাক হোসেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের মাওলানা ভাসানী স্টাডিজ কোর্সের শিক্ষক ও মাওলানা ভাসানী গবেষক সৈয়দ ইরফানুল বারী। সভাপতিত্ব করেন মাওলানা ভাসানী রিসার্চ সেন্টারের পরিচালক ড. মীর মোঃ মোজাম্বেল হক।-বিজ্ঞপ্তি

মাই এলিমেন্টরি থিউরি অন ম্যাথমেটিক্সের মোড়ক উন্নোচন

গত ৯ নবেম্বর উত্তরার সিভিল এভিয়েশন মাঠে তরুণ লেখক ও গবেষক মোঃ হাফিজুল ইসলামের লিখিত ‘মাই এলিমেন্টরি থিউরি অন ম্যাথমেটিক্স’ গ্রন্থের মোড়ক উন্নোচন করা হয়। মোড়ক উন্নোচন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ এর উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন যুগ্ম-সচিব মোঃ মফিজ উদ্দীন আহমেদ (ফরিদ), এলআইসি অব বাংলাদেশ লিঃ এর এমডি ও সিইও অরূপ দাস গুপ্ত।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বই আমাদের নিত্যসঙ্গী হওয়া উচিত। একটি ভাল বই আপনার সবচেয়ে ভাল বন্ধু হতে পারে। তিনি আরও বলেন, বই হলো আলোর মশাল। এই মশাল যার হাতে থাকবে তিনি স্বাচ্ছন্দে তার চলার পথ করে নিতে পারবেন। -বিজ্ঞপ্তি

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ অতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাস্ক: ৩০৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright © All rights reserved by dailyjanakantha.com